

স্মারক সংখ্যা ৩১.৪৪.৪১৬১.০০০.০২.০৯১.২৬- ৬৩৪

তারিখ: ২৮/০৪/২৬ খ্রিঃ

মণিরামপুর উপজেলার খাল-নদী হতে খননকৃত অতিরিক্ত মাটির নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৪/২০২৬ খ্রি. বৃহস্পতিবার মণিরামপুর উপজেলাধীন খাল-নদী হতে খননকৃত অতিরিক্ত মাটির নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত খননকৃত অতিরিক্ত মাটি প্রকাশ্যে নিলামে ক্রয়ের জন্য সকল আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তিবগকে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে প্রকাশ্যে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	প্রকাশ্যে নিলাম ডাকের তারিখ, সময় ও স্থান	মাটির বিবরণ	নিলাম ডাকে অংশ গ্রহণের ফিস (ফেরত যোগ্য)
০১	৩০/০৪/২০২৬ দুপুর ১২.৩০ ঘটিকা নিলামের স্থান: বাকোশপোল ব্রিজ মাটির অবস্থান: ব্রিজ হতে দক্ষিণে	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ দুই লটে ৩০,২৬,৫৬৮ ঘনফুট (প্রায়)	৫০০/- (পাঁচশত) টাকা
০২	৩০/০৪/২০২৬ দুপুর ০১.২০ ঘটিকা নিলামের স্থান: নিমতলা ব্রিজ মাটির অবস্থান: ব্রিজ হতে উত্তরে	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ এক লটে ৮,৬৫,৯২০ ঘনফুট (প্রায়)	৫০০/- (পাঁচশত) টাকা
০৩	৩০/০৪/২০২৬ দুপুর ০৩.০০ ঘটিকা নিলামের স্থান: রাজগঞ্জ ব্রিজ মাটির অবস্থান: তাহেরপুর রাজগঞ্জ ব্রিজ হতে উত্তরে	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ এক লটে ১,৩৭,৪৪০ ঘনফুট (প্রায়)	৫০০/- (পাঁচশত) টাকা
০৪	৩০/০৪/২০২৬ দুপুর ০৩.৪৫ ঘটিকা নিলামের স্থান: বীধাঘাট ব্রিজ মাটির অবস্থান: বীধাঘাট ব্রিজ হতে পশ্চিমে	বিক্রয়যোগ্য মাটির পরিমাণ এক লটে ৯,৩৩,২৮০ ঘনফুট (প্রায়)	৫০০/- (পাঁচশত) টাকা

উল্লেখ্য, সর্বোচ্চ নিলাম ডাককারীকে বিক্রয়মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে।

প্রকাশ্যে নিলাম ডাকের শর্তাবলী:

- ১। সর্বোচ্চ দরদাতা উপজেলা ভূমি অফিসে নিলামের অর্থ (ভ্যাটসহ) ও লিখিত অঙ্গীকারনামা স্বাক্ষরসহ জমা প্রদানের পরেই মাটি উত্তোলন শুরু করতে পারবেন।
- ২। নিলাম অনুষ্ঠানের ২০ (বিশ) দিনের মধ্যে খনন স্থান হতে সমুদয় মাটি অপসারণ করতে হবে।
- ৩। নিলামে বিক্রিত মাটির সীমানা ও পরিমাণ নিলামের স্থানে বুকে নিতে হবে। পরবর্তীতে কোন ধরনের আপত্তি গ্রহণযোগ্য নয়।
- ৪। বিক্রিত মাটির নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব মাটি ক্রেতার, এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে কোনরূপ নিরাপত্তা সহায়তা প্রদান করা হবে না।
- ৫। ক্রয়কৃত মাটি উত্তোলন ও পরিবহণে জনসাধারণের ব্যবহৃত রাস্তা, বাড়িঘ ইত্যাদির ক্ষতিসাধন হলে তার ক্ষতিপূরণের দায়িত্ব মাটিক্রেতা বহন করবেন।
- ৬। ক্রয়কৃত মাটির অতিরিক্ত মাটি উত্তোলন করলে এবং এর ফলে খননকৃত নদীর উভয় পাশের রাস্তা, স্থাপনা, গাছপালা ও জনজীবন ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট দপ্তর হতে দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। দুর্যোগপূর্ণ আবহাওয়া বা অন্যান্য কারণে নিলাম আহবানকারী কর্তৃপক্ষ এই নিলাম ডাক বাতিল, শর্তের পরিবর্তন অথবা নিলামের বিজ্ঞপ্তিতে প্রকাশিত মাটির পরিমাণ হ্রাস-বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন।

২৮.০৪.২০২৬

মাহির দায়ান আমিন
সহকারী কমিশনার (ভূমি)
মণিরামপুর, যশোর।

স্মারক নং: ৩১.৪৪.৪১৬১.০০০.০২.০৯১.২৬- ৬৩৪

তারিখ: ২৮/০৪/২৬ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
- ৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, যশোর।
- ৫। নোটিশ বোর্ড

২৮.০৪.২০২৬

সহকারী কমিশনার (ভূমি)
মণিরামপুর, যশোর।